**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 19.02.2025** **Desk in Charge : S.Mandal**
**Time : 7.50 PM** **Compiling & NR : S. Basu**
**DEO : K.B.**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ ২০২৫-২৬ অর্থ বছরে ব্যয় বরাদ্দের প্রস্তাব নিয়ে আজ বিধানসভায় আলোচনা শুরু হয়েছে।

২/ ভারত-ভুটান যৌথ নদী কমিশন গঠন এবং চা-পর্যটনের মানোন্নয়নে জমি ব্যবহার নীতি নিয়ে শাসক বিরোধী তরজায় আজ উত্তপ্ত হয়ে ওঠে বিধানসভা।

৩/ বিরোধী দলনেতা সহ বিধায়কদের **সাসপেশন** প্রত্যাহারের জন্য বিজেপি, রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে ।

৪/ খাদ্যশস্যে ভর্তুকি বাবদ রাজ্যকে সাড়ে ৭'হাজার কোটি টাকা দিয়েছে কেন্দ্রীয় সরকার।

৫/ কলকাতার ট্যাংরা থানা এলাকায় একই পরিবারের তিনজনের মৃত্যু এবং অন্য তিনজনের পথ দুর্ঘটনায় আহত হওয়া নিয়ে রহস্য দানা বেঁধেছে।

৬/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে স্বামী বিবেকানন্দের ১২৯-তম কলকাতা প্রত্যাবর্তন দিবস উদ্‌যাপিত হচ্ছে।

*******************************************************************

২০২৫-২৬ অর্থ বছরে ব্যয় বরাদ্দের প্রস্তাব নিয়ে আজ বিধানসভায় আলোচনা শুরু হয়েছে। সরকার ও বিরোধী পক্ষের সদস্যরা পরিসংখ্যান ও তথ্য সামনে রেখে আলোচনায় অংশ নিয়েছেন।

তৃণমূল কংগ্রেসের বিধায়কদের বক্তব্যে কেন্দ্রীয় অসহযোগিতা সত্বেও রাজ্যের আর্থ-সামাজিক বিকাশের চিত্র উঠে আসে। অন্যদিকে বিজেপি সদস্যরা অভিযোগ করেছেন, যে রাজস্ব আদায়, মাথাপিছু আয় এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্প নিয়ে সরকার বিভ্রান্তি তৈরী করছে।

তৃণমূল কংগ্রেসের **দেবব্রত মজুমদার** বলেন, রাজ্যের বাজেট গরীব মানুষের স্বার্থ রক্ষা করবে। অথচ কেন্দ্রীয় সরকারের পেশ করা বাজেট দেশের মাত্র এক শতাংশ মানুষের কথা মাথায় রেখে তৈরী।

এদিন বাজেট নিয়ে আলোচনার সূত্রপাত করেন বিজেপি বিধায়ক ডক্টর **অশোক লাহিড়ী**। উৎপাদন বাড়াতে যে মূলধনী ব্যয় প্রয়োজন, তা' তুলনায় অনেক কম বলে তিনি অভিযোগ করেছেন। দেউচা পাচামিতে কয়লা খনি, তাজপুরের গভীর সমুদ্র বন্দর নিয়ে সরকারের দাবিতে সংশয় প্রকাশ করেন অশোক বাবু।

*************************

উত্তরবঙ্গে প্লাবনজনিত সমস্যা নিরসনে ভারত-ভুটান যৌথ নদী কমিশন গঠন নিয়ে আজ ফের বিধানসভায় শাসক ও বিরোধী সদস্যদের মধ্যে চাপান-উতোর শুরু হয়।

আলিপুরদুয়ারের তৃণমূল কংগ্রেস বিধায়ক সুমন কাঞ্জিলাল নদী কমিশন গঠনের আশু প্রয়োজনের কথা তুলে ধরেন। সেচমন্ত্রী মানস ভুঁইঞা বলেন, ভুটানের ৭৬টি নদীর জলে উত্তরবঙ্গে বন্যার সৃষ্টি হচ্ছে। এবিষয়ে কেন্দ্রীয় সরকার কোনো পদক্ষেপ নেয়নি। মুখ্যমন্ত্রী, কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করতে একটি সর্বদলীয় প্রতিনিধি দল পাঠানোর প্রস্তাব দিলেও, বিজেপি পরিষদীয় দল উৎসাহ দেখায় নি।

এর পাল্টা জবাবে বিজেপির মুখ্য সচেতক শঙ্কর ঘোষ বলেন, বিরোধী দলনেতা বিষয়টিতে ভালভাবে কথা বলতে পারতেন, অথচ তাঁকেই অনৈতিকভাবে সাসপেন্ড করা হয়েছে।

পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, রাজ্যের স্বার্থ রক্ষায় বিরোধীরা কি ভূমিকা নিচ্ছেন, মানুষ তা' দেখছে।

**************************

এর আগে চা পর্যটনের মানোন্নয়নে চা বাগানের ৩০ শতাংশ জমি ব্যবহারের নীতি নিয়ে বিধানসভায় আজ বিজেপির আনা মুলতুবি প্রস্তাবকে কেন্দ্র করে প্রথমার্ধের অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে। কালচিনির বিজেপি বিধায়ক বিশাল লামার আনা এই সংক্রান্ত মুলতুবি প্রস্তাবের ওপর আলোচনার দাবি অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় খারিজ করে দেন। বিজেপি সদস্যরা তখন বিক্ষোভ দেখাতে শুরু করেন। পরে তারা স্লোগান দিতে দিতে অধিবেশন থেকে ওয়াকআউট করেন।

**************************

রাজ্যে বর্তমানে ৭০ হাজারের বেশি ষাটোর্ধ কৃষক একহাজার টাকা মাসিক ভাতা পাচ্ছেন বলে বিভাগীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় জানিয়েছেন। বিধানসভার প্রশ্নোত্তর পর্বে আজ বিজেপি বিধায়ক নরহরি মাহাতোর প্রশ্নের উত্তরে তিনি জানান ২০২৪ সালের ৩১ শে মার্চ পর্যন্ত রাজ্যে মোট কৃষি পেনশন প্রাপকের সংখ্যা ৭০ হাজার ৭৭২ জন।

রাজ্যে যারা আবেদন করেও কৃষি পেনশন পাচ্ছেন না তারা সরাসরি সরকারকে জানালে ব্যাবস্থা নেওয়া হবে । কোনো বিধায়কের কাছে এই সংক্রান্ত অভিযোগ এলে তাঁকেও সরাসরি ফোন করে জানানোর পরামর্শ দেন কৃষিমন্ত্রী। কেউ অনিয়মিত টাকা পাচ্ছেন এমন অভিযোগ পেলে ২৪ ঘন্টার মধ্যে ব্যাবস্থা নেওয়ারও আশ্বাস দেন ।

অতিরিক্ত আর একটি প্রশ্নের উত্তরে শোভনদেব বাবু জানান পুরুলিয়া জেলায় মোট কৃষি পেনশন প্রাপকের সংখ্যা ৪,৩০২ ।

**************************

পশ্চিম মেদিনীপুরের তিনটি ব্লক- চন্দ্রকোনা ১ ও ২ এবং কেশপুরকে ঘাটাল মাস্টার প্ল্যানের আওতায় আনা হয়েছে। বর্তমানে ঘাটাল পুরসভা, ঘাটাল গ্রামীণ দাসপুর ১ ও ২, ডেবরা, পাঁশকুড়া পশ্চিম, তমলুক ১ ও পাঁশকুড়া পুরসভা, ঘাটাল মাস্টার প্ল্যান এর মধ্যে রয়েছে।

বিধানসভায় সেচমন্ত্রী মানস ভুঁইঞা একথা জানিয়ে বলেন, এর জন্য রাজ্য বাজেটে ৫০০ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। রাজ্য সরকার এই প্রকল্পের জন্য প্রয়োজনীয় জমি বাজার দর থেকে বেশি দামে অধিগ্রহণ করতে প্রস্তুত।

খাল খনন সহ একাধিক বিষয়ে স্থানীয়দের তরফ থেকে যে বিক্ষোভ দেখানো হয়েছে তার প্রেক্ষিতে মন্ত্রী বলেন, প্রকল্পের উপকারিতা সম্পর্কে বাসিন্দাদের সচেতন করতে গঠন করা হয়েছে কমিটি। কমিটির সদস্যরা বাড়ী বাড়ী গিয়ে লিফলেট বিলি করে সাধারণ মানুষকে সচেতন করবেন।

*************************

মহাকুম্ভ সম্পর্কে বিধানসভায় মুখ্যমন্ত্রীর বক্তব্যের বিরুদ্ধে বিজেপি আজ বিক্ষোভ দেখিয়েছে। দলের উত্তর কলকাতার সংগঠনের উদ্যোগে আয়োজিত এই বিক্ষোভে নেতৃত্ব দেন রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডক্টর সুকান্ত মজুমদার। তিনি বলেন, সংখ্যালঘু তোষণ এবং ভোটে সুবিধা পেতে মুখ্যমন্ত্রী মকাকুম্ভ সম্পর্কে অবমাননাকর মন্তব্য করেছেন।

( বাইট- সুকান্ত)

বিষয়টি নিয়ে রাজ্যপালকে ইতমধ্যেই তিনি চিঠি দিয়েছেন বলে বিজেপি রাজ্যসভাপতি জানান। যাতে বিধানসভার রেকর্ড থেকে ওই মন্তব্য বাদ দেওয়া হয়, শ্রী মজুমদার সেই আর্জিও জানিয়েছেন। পাশাপাশি বিরোধী দলনেতা সহ বিজেপির বিধায়কদের সাসপেশন প্রত্যাহারের জন্য দল রাজ্যপালের হস্তক্ষেপ চেয়েছে।

বিধানসভায় গতকাল এক নজিরবিহীন ঘটনা ঘটেছে বলে কংগ্রেস কটাক্ষ করেছে। দলের মুখপাত্র সৌম্য আইচ রায় আজ বলেন, রাজ্যের ১১ কোটি মানুষের রুটি-রুজি

নিয়ে কোন আলোচনা বিধানসভায় হয়নি। বিধানসভায় তৃণমূল কংগ্রেস-বিজেপি তরজাকে কটাক্ষ করেছেন কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ অধীর চৌধুরী'ও।

( বাইট- অধীর )

তৃণমূল কংগ্রেস, জঙ্গি যোগের অভিযোগ নিয়ে বিজেপির খারিজ করেছে। আজ এক সাংবাদিক সম্মেলনে দলের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ বলেন, এই অভিযোগের স্বপক্ষে প্রমাণ দিতে না পারলে বিজেপিকে মানুষের কাছে ক্ষমা চাইতে হবে।

*************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এবং তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে সংখ্যলঘু তোষণের অভিযোগ এনে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ-ABVP আজ বিধানসভার বাইরে বিক্ষোভ দেখায়। পুলিশ প্রিজন ভ্যানে তুলে তাদের সরিয়ে নিয়ে যায়।

অন্যদিকে, রাজ্যে শূণ্য পদে স্বচ্ছতার সঙ্গে দ্রুত নিয়োগ, অবিলম্বে রাজ্যের কলেজ বিশ্ব বিদ্যালয়ে ছাত্র সংসদ নির্বাচন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ফি-নিয়ন্ত্রণ সহ একাধিক দাবীতে পশ্চিমবঙ্গ প্রদেশ ছাত্র পরিষদ আজ বিধানসভা অভিযানের ডাক দেয়।

মধ্য কলকাতার সুবোধ মল্লিক স্কোয়ার থেকে মিছিল এস এন ব্যানার্জি রোড হয়ে রাণী রাসমণি অ্যাভেনিউতে পৌঁছলে পুলিশ ব্যারিকেড করে তাঁদের আটকে দেয়। বেশ কয়েকজনকে আটক করে পুলিশ প্রিজন ভ্যানে তুলে নিয়ে যায় বলে ছাত্র পরিষদ অভিযোগ করেছে।

*************************

'এক দেশ এক নির্বাচন' বাস্তবায়িত হলে প্রশাসনের কর্মদক্ষতা বাড়বে, সময় বাঁচবে ও বিপুল অর্থ সাশ্রয় হবে বলে জানিয়েছেন কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি এবং বাণিজ্য ও শিল্প মন্ত্রকের প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ। তিনি আজ হাওড়ার - IIEST শিবপুরে একটি অনুষ্ঠানে যোগ দেন। শ্রী প্রসাদ বলেন, লোকসভা এবং বিধানসভা ভোটে বহু সরকারি কর্মীকে কাজে লাগানো হয়। এর প্রভাব পরে সরকারি কাজে।

( বাইট- জিতিন প্রসাদ)

*************************

কেন্দ্রীয় সরকার খাদ্যশস্যে ভর্তুকি বাবদ রাজ্যের প্রাপ্য বকেয়ার একাংশ মিটিয়ে দিয়েছে। খাদ্য দফতর সূত্রে জানা গেছে, ২০২৩-২৪ আর্থিক বছর থেকে এই খাতে কেন্দ্রীয় বরাদ্দ বন্ধ রয়েছে। এই বাবদ বকেয়া মোট ১২ হাজার ৭১৪ কোটি টাকা দাবি করে রাজ্য সরকার একাধিক বার কেন্দ্রের কাছে দরবার করেছে। অবশেষে কেন্দ্রের তরফে দু দফায় এই খাতে প্রায় সাড়ে সাত হাজার কোটি টাকা ছাড়া হয়েছে। জানা গিয়েছে, চলতি মাসের প্রথম সপ্তাহে ২১৩০ কোটি টাকা, এবং জানুয়ারি মাসের শেষ সপ্তাহে ৫২৭০ কোটি টাকা রাজ্যকে দেওয়া হয়েছে।

*************************

কয়লা খনি নিলাম সহ বিভিন্ন সুযোগ সুবিধার বিষয়ে তথ্য প্রদানের জন্য কয়লা মন্ত্রক আজ কলকাতায় এক রোডশো-এর আয়োজন করে।

অনুষ্ঠানে মন্ত্রকের সচিব বিক্রম দেব দত্ত জানান, ভারতের কয়লা সম্পদের বিপুল সম্ভাবনাকে কাজে লাগাতে মন্ত্রক সচেষ্ট। সুস্থায়ী উন্নয়ন, শিল্পের সঙ্গে যুক্তদের সুযোগ সুবিধা নিশ্চিত করা, অর্থনৈতিক উন্নতিতে অন্যতম চালিকাশক্তি হিসেবে কয়লা শিল্পকে গড়ে তোলা এবং জ্বালানী সুরক্ষা নিশ্চিত করার মতো বিভিন্ন বিষয়ে সংস্কারমূলক পদক্ষেপগুলি তিনি তুলে ধরেন। তিনি জানান, বিভিন্ন রাজ্য সরকার, পরিবেশ ও বন মন্ত্রক সহ অন্যান্য সরকারি দপ্তর এবং মন্ত্রকের সঙ্গে সমন্বয় বজায় রাখার জন্য কয়লা মন্ত্রক অত্যন্ত সক্রিয়। কয়লা মন্ত্রকের সচিব বেসরকারি সংস্থাগুলিকে খনিশিল্পে বিনিয়োগের পাশাপাশি খনিজ অঞ্চলের জনসাধারণের কল্যাণে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার আবেদন জানান। স্বাগত ভাষণে মন্ত্রকের অতিরিক্ত সচিব রূপিন্দর ব্রার জানান, বিনিয়োগের সম্পূর্ণ প্রক্রিয়ায় কয়লা মন্ত্রক বিনিয়োগকারীদের সব ধরনের সহায়তা করবে।

*************************

কলকাতার ট্যাংরা থানা এলাকায় একই পরিবারের তিনজনের মৃত্যু এবং অন্য তিনজনের পথ দুর্ঘটনায় আহত হওয়া নিয়ে রহস্য দানা বেঁধেছে।

আজ সকালে অভিষিক্তা মোড়ের কাছে একটি গাড়ি দুর্ঘটনার খবর পেয়ে পুলিশ সেখান থেকে প্রণয় ও প্রসূন দে নামে দুই ভাই এবং এক নাবালককে উদ্ধার করে। দুই ভাই-এর চামড়ার ব্যবসা ছিলো। তাঁদের কাছ থেকে জানা যায়, ট্যাংরার বাড়িতে আরো তিনজন মৃত অবস্থায় পড়ে রয়েছে। এরপরই পুলিশের বিশাল বাহিনী ওই বাড়িতে গিয়ে দুই গৃহবধূ রোমি ও সুদেষ্ণা দে এবং এক নাবালিকার দেহ উদ্ধার করে। ফরেন্সিক টিম এবং পুলিশ কুকুর এনে তদন্ত শুরু হয়েছে। বাড়ির কিছু জায়গায় রক্তের দাগ মিলেছে। প্রত্যেকেই খাবারের সঙ্গে ঘুমের ওষুধ মিশিয়ে খান বলে পুলিশের অনুমান। দুই গৃহবধূর হাতের শিরা কাটা ছিল। নাবালিকার শ্বাসরোধ হয়ে মৃত্যু হয়েছে।দুই গৃহবধূ

প্রাথমিক তদন্তে জানা গেছে, কয়েকদিন ধরেই ব্যবসা ভাল চলছিল না। আর্থিক সঙ্কটের কারণেই এই ঘটনা বলে মনে করা হচ্ছে। পুলিশ কমিশনার মনোজ ভার্মা এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন, এই ঘটনা খুন না আত্মহত্যা, এখনি তা’ বলা সম্ভব নয়।

*************************

কলকাতার রিজেন্ট পার্কের মূর অ্যাভেনিউতে ডাকাতির অভিযোগকারিনী মহিলাকে গ্রেপ্তার করেছে পুলিশ। গত সোমবার সন্ধ্যায় দুই মুখোশধারী দুষ্কৃতী গলায় ছুড়ি ঠেকিয়ে সোনার গয়না লুঠ করে নিয়ে যায় বলে সোনালী বিশ্বাস নামে ওই গৃহবধূ থানায় অভিযোগ করেন। তদন্তে নেমে এলাকার CCTV ফুটেজ খতিয়ে দেখার পাশাপাশি মহিলার বয়ানেও অসঙ্গতি মেলে। সোনালী বিশ্বাস নিজেই সোনার গয়নাগুলি বিক্রি করে দিয়েছেন বলে জানতে পারে পুলিশ। এরপরই তাঁকে গ্রেপ্তার করা হয়।

জিজ্ঞাসাবাদের পর পাকড়াও করা হয়েছে তাঁর এক আত্মীয় রাজা নাগকেও। চুরি ঢাকতেই ডাকাতির ঘটনা সাজিয়েছিলেন বলে তিনি জানিয়েছেন।

*************************

মাধ্যমিক পরীক্ষা চলাকালীন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায় আজ পুরুলিয়া শহরের বেশ কয়েকটি স্কুল পরিদর্শন করেন। পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের সঙ্গেও কথা বলেন  তিনি। পরীক্ষা সর্বত্রই ভালোভাবে হচ্ছে বলে জানান তিনি।

এদিকে, জলপাইগুড়ি জেলার ময়নাগুড়িতে পেটের ব্যথা নিয়ে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় **মাধ্যমিক পরীক্ষার্থীর মৃত্যু** হয়েছে। চেংমারী হরেন্দ্রনাথ হাই স্কুলের ছাত্র মাধ্যমিক পরীক্ষার্থী অভিজিৎ রায় পেটে ব্যথা নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছিল। সেখান থেকেই পরীক্ষা দিচ্ছিল সে। রবিবার তাকে প্রথমে জলপাইগুড়ি মেডিক্যাল কলেজ ও পরে এক বেসরকারী হাসপাতালে স্থানান্তর করা হয়। তবে শেষ রক্ষা হয়নি। আজ সকালে সেখানেই মৃত্যু হয় অভিজিতের।

অন্যদিকে, পুরুলিয়া জেলার বরগড়িয়া জামতোরিয়া অঞ্চলে আজ পরীক্ষা দিয়ে বাড়ি ফেরার পথে দুর্ঘটনায় এক মাধ্যমিক পরীক্ষার্থী আহত হয়েছে। বাঘাবাইদ গ্রামে দুপুর তিনটে নাগাদ এই দুর্ঘটনা ঘটে । আহতকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার বাটানগর শ্রীরামকৃষ্ণ আশ্রমে আজ পরীক্ষা চলাকালীন এক ছাত্রীর মাথায় আচমকা পাখা ভেঙে পড়লে গুরুতর আহত সে। নন্দিনী মাকাল নামে ঐ পরীক্ষার্থীকে। আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্কুলের রক্ষণাবেক্ষণ নিয়ে অভিভাবকদের মধ্যে ক্ষোভের সঞ্চার হয়েছে।

**************************

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ স্বামী বিবেকানন্দের **১২৯** তম ঐতিহাসিক কলকাতা প্রত্যাবর্তন দিবস উদযাপিত হচ্ছে। রামকৃষ্ণ মঠ আলমবাজার, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারের যৌথ উদ্যোগে ও পূর্ব রেলের শিয়ালদা শাখার সহযোগিতায় দিনটির স্মরণে বজবজ থেকে একটি সুসজ্জিত স্পেশাল ট্রেন আজ বেলা বারোটার কিছু পরে শিয়ালদহ স্টেশনে এসে পৌঁছয়।

অগণিত ভক্ত, সাধু সন্ন্যাসীরা বিপুল উৎসাহে স্বামীজীর পূর্নাবয়ব প্রতিকৃতি নিয়ে ষ্টেশন সংলগ্ন স্থানে স্বামীজীর কলকাতা প্রত্যাবর্তন দিবসের স্মরণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে স্বামী বলভদ্রানন্দ জি মহারাজ সহ সাধু সন্ন্যাসীরা, কলকাতার নগরপাল ,রেলের উচ্চপদস্থ আধিকারিকেরা ওই অনুষ্ঠানে অংশ নেন। পরে শিয়ালদা স্টেশন থেকে বাদ্যযন্ত্র সহকারে এক বর্ণাঢ্য শোভাযাত্রা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে আলমবাজার রামকৃষ্ণ মঠে পৌঁছয়ে। অগণিত ভক্ত সাধু সন্ন্যাসী ছাত্র-ছাত্রীরা ঐ

শোভাযাত্রায় অংশ নেন। স্বামীজীর কলকাতা প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলমবাজার রামকৃষ্ণ মঠেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

****************************************************************